

দু'টি দাতব্য সংস্থায় বঙ্গবন্ধু কাউন্সিল অস্ট্রেলিয়া'র ১০,০০০ ডলার দান

সম্প্রতি বঙ্গবন্ধু কাউন্সিল অস্ট্রেলিয়া দু'টি জনগুরুত্বপূর্ণ সেবামূলক সংস্থায় মোট ১০,০০০ (দশ হাজার) ডলার দান করেছে। ম্যাকগ্রা ফাউন্ডেশন (McGrath Foundation) এবং ওয়েস্টমীড শিশু হাসপাতাল (Westmead Children's Hospital) এর প্রত্যেকটিতে ৫,০০০ ডলারের চেক হস্তান্তর করা হয়। অস্ট্রেলিয়ার প্রবাসী বাঙালি সমাজে সামাজিক-সাংস্কৃতিক-সাংগঠনিক কর্মকাণ্ডে মেধা, সৃজনশীলতা ও প্রচেষ্টা সমন্বয়ের মাধ্যমে অগ্রণী ভূমিকা পালনের পাশাপাশি মানবিক দায়বদ্ধতার ব্যাপারেও বঙ্গবন্ধু কাউন্সিল অস্ট্রেলিয়া বরাবরই সচেতন থেকে সাধ্যমত প্রয়াস চালিয়ে এসেছে। সীমিত আর্থিক সামর্থ্য সত্ত্বেও সাম্প্রতি এ অবদান এই ধারাবাহিকতারই অংশ এবং সংগঠনের নীতি ও উদ্দেশ্যের প্রতি অবিচল আনুগত্য এবং সামাজিক-মানবিক দায়বদ্ধতার প্রতি স্থিরপ্রতিজ্ঞতার পরিচায়ক।



শেখ শামীমুল হকের কাছ থেকে চেক গ্রহণ করছেন ট্রেসি বেভান। সাথে (বাঁ-দিক থেকে) সুরজিৎ রায়, জামাল উদ্দিন, মেহেদী রব ও আবুল হায়াৎ ভূঁঞা।

উল্লেখ্য, গত বছর জাতীয় শোক দিবসে সংগঠনের সিদ্ধান্ত অনুযায়ী বাংলাদেশে উচ্চ মাধ্যমিক ও বিশ্ববিদ্যালয় স্তরে অধ্যয়নরত দরিদ্র কিন্তু মেধাবী ছাত্রছাত্রীদের জন্য দুইটি শিক্ষাবৃত্তি এবছর শুরু হতে যাচ্ছে।

সিডনির নর্থব্রিজে অবস্থিত ম্যাকগ্রা ফাউন্ডেশনের প্রধান কার্যালয়ে গত ৯ অক্টোবর ২০১২ ফাউন্ডেশনের পরিচালক ও বিশেষ প্রতিনিধি ট্রেসি বেভানের (ক্রিকেটার মাইকেল বেভানের স্ত্রী) হাতে ৫,০০০ ডলারের চেকটি হস্তান্তর করেন সংগঠনের সভাপতি শেখ শামীমুল হক। এ সময় তাঁর সাথে উপস্থিত ছিলেন সংগঠনের সিনিয়র সহ-সভাপতি জামাল উদ্দিন, কোষাধ্যক্ষ মেহেদী রব, জনসংযোগ

সম্পাদক সুরজিৎ রায় এবং প্রকাশনা ও প্রচার সম্পাদক আবুল হায়াৎ ভূঁঞা। ব্রেস্ট ক্যান্সার আক্রান্তদের জন্য সেবা সাহায্য ও সচেতনতা বৃদ্ধিতে এই ফাউন্ডেশন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

ওয়েস্টমীড শিশু হাসপাতালে ৫,০০০ ডলারের চেকটি হস্তান্তর করা হয় ১৬ অক্টোবর ২০১২। এটি গ্রহণ করেন হাসপাতালের কমিউনিটি রিলেশন্স এর কর্মকর্তা এ্যান্জি বার্নেট। এ আনুষ্ঠানিকতার সময় সংগঠনের সভাপতির সাথে উপস্থিত ছিলেন জনসংযোগ সম্পাদক সুরজিৎ রায় ও কার্যকরী সদস্য ড. বদরুল আলম খান।



চেক গ্রহণ করছেন হাসপাতাল কর্মকর্তা এ্যান্জি বার্নেট। হস্তান্তর করছেন (বাঁ-দিক থেকে) সুরজিৎ রায়, শেখ শামীমুল হক ও ড. বদরুল আলম খান।

এ প্রসঙ্গে সবিশেষ উল্লেখ্য যে সংগঠনটি তার সূচনালগ্ন থেকেই বিভিন্ন সংগঠন, তহবিল, মহৎ উদ্দেশ্য বা ব্যক্তির সাহায্যার্থে নিরবিচ্ছিন্নভাবে সাধ্যানুযায়ী দান করে আসছে। নিচে এর একটি কালানুক্রমিক সংক্ষিপ্ত বিবরণ দেয়া হলোঃ

সন	পরিমাণ (অস্ট্রেলিয়ান ডলার)	দান গ্রহীতা / উদ্দেশ্য
১৯৯৬	১,০০০	বাংলাদেশ এসোসিয়েশন অস্ট্রেলিয়া-র কমিউনিটি সেন্টার নির্মাণ তহবিল
১৯৯৭	১০,০০০	বাংলাদেশ মুক্তিযুদ্ধ যাদুঘর তহবিল
১৯৯৯	১০,০০০	প্রধানমন্ত্রীর বন্যা ত্রাণ তহবিল
২০০৫	৭০০	বাংলাদেশি ছাত্রের মৃতদেহ সিডনি থেকে বাংলাদেশে নেবার সাহায্যার্থে
২০০৫	৫০০	বাংলাদেশি ছাত্রের (তানভীর) চিকিৎসার্থে
২০০৬	৫০০	মুক্তিযোদ্ধা জননী নিত্য রাণীর সাহায্যার্থে (যিনি তাঁর চারজন মুক্তিযোদ্ধা সন্তানের সবাইকে ১৯৭১ সালের মুক্তিযুদ্ধে হারিয়েছেন)
২০১১	৪০০	সিডনি ভ্রমণরত ডালিয়ার (কর্ণেল তাহেরের ছোট বোন) স্বামীর চিকিৎসার্থে
২০১২	যথোপযুক্ত পরিমাণে	বাংলাদেশে দরিদ্র ও মেধাবী দুজন ছাত্র/ছাত্রীর উচ্চ শিক্ষায় সাহায্যার্থে বৃত্তি (উচ্চ মাধ্যমিক ও বিশ্ববিদ্যালয় পর্যায়ে)
২০১২	৫,০০০	ম্যাকগ্রা ফাউন্ডেশন, সিডনি (ব্রেস্ট ক্যান্সার বিষয়ে সেবা ও সচেতনতা বৃদ্ধি)
২০১২	৫,০০০	ওয়েস্টমীড চিলড্রেন্স হসপিটাল, সিডনি

উপরোক্ত কর্মকান্ড ও প্রয়াসে সফলতা অর্জনে কমিউনিটির সক্রিয় অংশগ্রহণ ও সহযোগিতাকে এ সংগঠন শ্রদ্ধাসহকারে স্মরণ করছে, এবং ভবিষ্যতে এ সহযোগিতা উত্তরোত্তর বৃদ্ধি পাবে বলে দৃঢ় আশা প্রকাশ করছে।

তুষার রায়

সাধারণ সম্পাদক

বঙ্গবন্ধু কাউন্সিল অস্ট্রেলিয়া